17

0 6 SEP 1994

দৈনিক ইত্তেফাক

তারিখ ০৬ SEP-1994
পৃষ্ঠা ৩ কলাম ৫

## অনানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে সুইডিশ সহায়তা

বাসস ।। গত রবিবার ঢাকায় সুইডিশ সরকার ও ইউনিসেফের মধ্যে এককোটি ২৫ লক্ষ সুইডিস ক্রোনারের (১০ লক্ষ ৬ শত ও ১৯ হাজার মার্কিন ডলার) একটি চুক্তি স্বাক্ষরিত হইয়াছে। সমন্বিত অনানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীর মাধ্যমে অনানুষ্ঠানিক শিক্ষা বাস্তবায়নে এই অর্থ কাজে লাগানো হইবে। এই চুক্তির মেয়াদ হইবে চলতি বছরের পহেলা জুলাই হইতে ১৯৯৬ সালের পহেলা জুন।

(৪র্থ পৃঃ দ্রঃ)

### সুইডিশ সহায়তায়

( ৩য় পৃঃ পর )

সুইডিস দূতাবাসের চার্জ দ্য এফেয়ার্স মিস ব্রিট ফলফম্যান হ্যাংসস্টম এবং ইউনিসেফের বাংলাদেশ প্রতিনিধি মিঃ রোলফ সি ক্যারিরে গতকাল সকালে ঢাকায় সুইডিস দূতাবাসে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

সমন্বিত অনানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচী শিশু শিক্ষা (৪-৫ বছর), প্রাথমিক শিক্ষা (৬-১০ বছর), কিশোর শিক্ষা (১১-১৪ বছর) ও বয়স্ক শিক্ষা—এই চার পর্যায়ে শিক্ষা বাস্তবায়ন করিতেছে। এই কর্মসূচী শিক্ষাদানে সরাসরি সাহায্য করা ছাড়াও এনজিওদের শিক্ষা কর্মসূচীতে সহায়তা করিয়া থাকে। ইহা বাংলাদেশের ৬৪ জেলার ৬৯টি থানায় অনানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র পরিচালনা এবং প্রায় একশত এনজিওকে সহায়তা করিয়া থাকে।